

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৩০, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ/১১ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-২৫৭।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯-১১৮৪ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act. No. V of 1898) এর section 190 এর sub-section(1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচার সম্পন্ন করার নিমিত্ত নিম্ন তফসিলের ৪ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে ৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১১ (এগার) জন কর্মকর্তা-কে ভোটেগ্রহণের পূর্বের দু’দিন, ভোটেগ্রহণের দিন ও ভোটেগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ২৮ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ হতে ০১ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
সাধারণ নির্বাচন				
১	চট্টগ্রাম	রাংগুনিয়া	মরিয়ম নগর	জনাব কৌশিক আহম্মদ খন্দকার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
২			স্বনির্ভর রাংগুনিয়া	জনাব মোহাম্মদ শহীদুল্লাহ কায়সার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
৩	ভোলা	চরফ্যাশন	নুরাবাদ	জনাব মোঃ সাদিক আহমেদ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চরফ্যাশন, ভোলা
৪			আহাম্মদপুর	জনাব মোঃ সুলতান মাহমুদ মিলন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা

(২৫৯৯৫)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
উপ-নির্বাচন				
৫	কুড়িগ্রাম	উলিপুর	বুড়ারুড়ী	জনাব মিলন চন্দ্র পাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
৬	রংপুর	মিঠাপুকুর	কাফ্রিখাল	জনাব মোঃ ফজলে এলাহী খান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর
৭	চাঁপাইনবাবগঞ্জ	গোমস্তাপুর	রহনপুর	বেগম ইসমত আরা তুশি, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
৮	কিশোরগঞ্জ	কটিয়াদী	মসূয়া	জনাব মোঃ শহীদুল ইসলাম চৌধুরী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ
৯	মুন্সীগঞ্জ	গজারিয়া	হোসেন্দী	জনাব শান্তি চন্দ্র দেবনাথ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ
১০	গোপালগঞ্জ	কাশিয়ানী	ফুকরা	জনাব হুমায়ুন কবির, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ
১১	যশোর	মনিরামপুর	ঢাকুরিয়া	জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর **web mail address (ds law@ecs.gov.bd)** এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নাম :.....

ইউনিয়ন পরিষদের নাম :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সাভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঞ্চে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শরীফ হোসেন হায়দার

উপসচিব (আইন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.